

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

বাংলাদেশ সি-ইন-এড বোর্ড

ময়মনসিংহ

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৪২.২০১০.১১৩৮

তারিখ : ০৩/১০/২০১৯ খ্রি:

বিষয় : ডিপিএড পরীক্ষা ২০১৮ এর ক্রসলিস্ট প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনে অনুষ্ঠিত ডিপিএড পরীক্ষায় তাঁর কেন্দ্রে যারা অকৃতকার্য হয়েছেন তাদের “ক্রসলিস্ট” মহোদয়ের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। অত্র বোর্ড হতে প্রেরিত ডিপিএড পরীক্ষা ২০১৮ এর ফলাফল তালিকার সাথে ‘ক্রসলিস্ট’ মিলিয়ে নিবেন। কোন প্রকার অসঙ্গতি দেখা দিলে তা নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে পর পর দুইবার (অনিয়মিত হিসেবে) পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে কিংবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলেও তারা আর পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। এক্ষেত্রে সি-ইন-এড পরীক্ষা পরিচালনা উপবিধি, দ্বিতীয় সংস্করণ নভেম্বর ২০০৮ এর ১২.১০ ধারা অনুযায়ী কার্যক্রম ধ্রুণ করতে হবে। আরও উল্লেখ্য যে, প্রেরিত ‘ক্রসলিস্ট’ অকৃতকার্য বিষয়ের আলোকে পরবর্তী বছর পরীক্ষা দেয়ার নির্দেশনা থাকলেও দুইবার অনিয়মিত পরীক্ষার্থীদের বেলায় পিটিআই কর্তৃপক্ষ রেকর্ড যাচাইপূর্বক পূর্বোক্ত ১২.১০ ধারা অনুসরণ করবেন।

৩। চতুর্থ টার্মে ভর্তি বাতিল প্রশিক্ষণার্থী জানুয়ারি-জুন ২০২০ সময়ে চতুর্থ টার্মের অসম্পূর্ণ কার্যক্রম সম্পন্ন করে যথারীতি মৌখিক ও বিষয়বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করবেন। এক্ষেত্রে তারা ক্রসলিস্ট অনুসারে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহ উল্লেখপূর্বক অবশ্যই পরীক্ষার আবেদন ফরম পূরণ করে চলতি শিক্ষাবর্ষের (জানুয়ারি, ২০১৯- জুন, ২০২০) পরীক্ষার্থীদের সাথে ডিসেম্বর ২০১৯ এর চূড়ান্ত লিখিত পরীক্ষায় পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

৪। মৌখিক ও বিষয়বোর্ড পরীক্ষায় অনুপস্থিত প্রশিক্ষণার্থী ৪র্থ টার্মের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে থাকলে কিংবা চতুর্থ টার্মে ভর্তি বাতিল না হয়ে থাকলে তারা অবশ্যই পরীক্ষার আবেদন ফরম পূরণপূর্বক চলতি শিক্ষাবর্ষের (জানুয়ারি, ২০১৯- জুন, ২০২০) পরীক্ষার্থীর সাথে কেবলমাত্র মৌখিক ও বিষয়বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করবেন। এছাড়া উক্ত পরীক্ষার্থীদের ক্রসলিস্ট অনুসারে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহ (তাত্ত্বিক) যদি থাকে তা উল্লেখপূর্বক আবেদন ফরম পূরণ করে ডিসেম্বর ২০১৯ এর চূড়ান্ত লিখিত পরীক্ষায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫। যে সকল শিক্ষার্থী শিক্ষক মানে ৮০% এর নিচে তাদেরকে সংশ্লিষ্ট পিটিআই এর রেকর্ডমূলে যাচাইপূর্বক শিক্ষক মান ৮০% অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। ডিসেম্বর ২০১৮ সনের পরীক্ষায় যে সকল পিটিআই এর পরীক্ষার্থী বহিস্থিত হয়েছেন তাদের ক্ষেত্রে ৩৮.৪১৮.০০.০০.০১৫.২০১০-১১১৮(খ) তারিখ: ২৯/০৮/২০১৯ খ্রি: মূলে প্রেরিত পত্র অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

৭। অকৃতকার্য পরীক্ষার্থীরা চেয়ারম্যান, বাংলাদেশ সি-ইন-এড বোর্ড এর অনুকূলে প্রতি বিষয়ে ৫০০/- (পাঁচশত) টাকা হারে ডিডি প্রদানপূর্বক সংশ্লিষ্ট সুপারিনিটেন্ডেন্ট এর মাধ্যমে আগামী ১৫ অক্টোবর, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে Forwardingসহ আবেদন ও ডিডির কপি ই-মেইলে ([controller.bdcinedboard@gmail.com](mailto:controller.bdcinedboard@gmail.com)) এবং মূল কপি ডাকযোগে প্রেরণ করতে হবে।

  
(শাহনাজ নূরনূরাহার)  
পরীক্ষা নিয়ন্ত্রক (চ:দা:)  
ফোন নং : ০৯১-৬৫৭৯২

সুপারিনিটেন্ডেন্ট

পিটিআই (সকল)।